



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

21 AUGUST 2024

7:35 AM IST

=====

রাজ্যসভার নির্বাচনের জন্য আজ মনোনয়ন দাখিলের শেষ দিন। আসামের রাজ্যসভার দুটি আসনের জন্য প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী রামেশ্বর তেলী ও চারবারের প্রাক্তন বিধায়ক মিশন রঞ্জন দাসকে বিজেপি প্রার্থিত্ব প্রদান করেছে। এপর্যন্ত বিরোধী দল রাজ্যসভা নির্বাচনের জন্য প্রার্থী ঘোষণা করে নি। উল্লেখ্য রাজ্যসভা নির্বাচনের প্রার্থী মনোনয়ন নিয়ে গতকাল নতুন দিল্লীতে কেন্দ্রীয় নেতৃত্বের সঙ্গে আসাম রাজ্য বিজেপির সভাপতি ভবেশ কলিতা ও মূখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মার এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়। উল্লেখ্য আসাম রাজ্য বিজেপির এই আসন দুটির জন্য প্রেরণ করা ১০ জনের তালিকা সম্পর্কে গতকাল বিস্তারিত আলোচনা হয়েছে।

এদিকে ভারতীয় জনতা পার্টির করিমগঞ্জ জেলা কমিটির পক্ষ থেকে রাজ্যসভা নির্বাচনে প্রাক্তন বিধায়ক মিশন রঞ্জন দাসকে মনোনয়ন দেওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়েছে।

রাজ্যের পুলিশ সঞ্চালক প্রধান জি পি সিং গুয়াহাটী ও লক্ষীমপুরে বোমা উদ্ধারের ঘটনার তদন্ত জাতীয় তদন্তকারী সংস্থা , এন আই এ-কে হস্তান্তর করার কথা ঘোষণা করেছেন । গতকাল গুয়াহাটীতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে পুলিশ সঞ্চালক প্রধান শ্রী সিং জানান যে বোমা উদ্ধারের ঘটনা সম্পর্কে মোট ১০ টি মামলা দায়ের করা হয়েছে । এরমধ্যে গুয়াহাটী ও লক্ষীমপুরে বোমা উদ্ধারের ঘটনার তদন্ত এন আই এর কাছে হস্তান্তর করার জন্য রাজ্য সরকারকে পত্র পাঠানো হয়েছে বলে শ্রী সিং জানান । শ্রী সিং আরো বলেন যে শিবসাগরে বোমা উদ্ধারের ঘটনার তদন্ত অগ্রসর হয়েছে এবং বোমা রেখে যাওয়া যুবক সহ চারজন লোককে ইতিমধ্যে আটক করা হয়েছে । তবে তিনি তদন্তের খাতিরে বিস্তারিত তথ্য প্রকাশ করা থেকে বিরত থাকেন । পুলিশ সঞ্চালক প্রধান রাজ্যে শান্তি শৃঙ্খলা ব্যাহত হয় নি এবং কোনো কারণে তা ব্যাহত হওয়া উচিত নয় বলেও স্পষ্ট করে দিয়েছেন । সেইসঙ্গে সঞ্চালক প্রধান শ্রী সিং আইন ভঙ্গ করলে বা বিশৃঙ্খল পরিবেশের সৃষ্টি করলে পুলিশ কঠোর ব্যবস্থা গ্রহণ করবে বলে সতর্ক করে দিয়েছেন । এক্ষেত্রে কোনো লোকের কোনো অভিযোগ থাকলে তা পুলিশ প্রশাসনকে অবগত করতে তিনি আহ্বান জানান ।

রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস গতকাল করিমগঞ্জ জেলা সফর করে রাতাবাড়ী বিধানসভা কেন্দ্রের অন্তর্গত হরিনগর গ্রাম পঞ্চায়েতের রাজনগর গ্রামে সি সি ব্লকে নির্মিত সড়কের কাজ পরিদর্শন করেন এবং দুর্লভছড়া উন্নয়ন খন্ডের লালছড়া গ্রাম পঞ্চায়েতে অনুষ্ঠিত ব্লক স্তরের সভায় প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা , প্রধানমন্ত্রী আবাস যোজনার গৃহ নির্মাণ ,রেশন কার্ড ,এম জি এনরেগা সহ বিভিন্ন কাজের পর্যবেক্ষণ করেন । মন্ত্রীর সঙ্গে বিধায়ক বিজয় মালাকার ,জেলা বিজেপি সভাপতি

সুব্রত ভট্টাচার্য ,করিমগঞ্জ জেলা পরিষদের মূখ্য নির্বাহী আধিকারিক লক্ষ্মীনন্দ সাহানিয়া প্রমূখ উপস্থিত ছিলেন ।

আসাম বিধানসভার ৫ টি আসনের উপ নির্বাচনের জন্য গতকাল ফোটোযুক্ত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে । এই পাঁচটি বিধানসভা হচ্ছে - ধলাই ,বিহলী , বঙ্গাইগাঁও , সামাগুড়ি ও সিদলী ।

এদিকে কাছাড় জেলার ধলাই তপশিলি সংরক্ষিত বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের জন্য ফটোযুক্ত চূড়ান্ত ভোটার তালিকা গতকাল আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়েছে । জেলা প্রশাসন থেকে এই চূড়ান্ত ভোটার তালিকা জনসাধারণকে প্রত্যক্ষ করানোর জন্য জেলার মূখ্য নির্বাচনী আধিকারিক , ভোটার পঞ্জীয়ক আধিকারিক এবং ধলাই বিধানসভা কেন্দ্রের সব কটি ভোট গ্রহন কেন্দ্রে রাখা হয়েছে বলে জানানো হয়েছে । উল্লেখ্য ধলাই তপশিলি সংরক্ষিত বিধানসভা কেন্দ্রের ২০৮টি ভোট গ্রহন কেন্দ্রে এক লক্ষ ৯৭ হাজার ৬শ ৪২ জন ভোটার রয়েছেন । এরমধ্যে ৯৯ হাজার ৭শ ৫৮ জন পুরুষ এবং ৯৭ হাজার ৮শ ৮৩ জন মহিলা সহ একজন তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন । চলতি বছরের ৩০শে জুলাই প্রকাশিত খসড়া ভোটার তালিকা থেকে ৩৩০ জন বাদ পড়েছেন এবং ১২শ ভোটারকে অন্তর্ভুক্ত করা হয়েছে ।

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ থেকে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে ধারাবাহিক বৃষ্টিপাতের আশংকা করে কমলা সতর্কতা জারি করা হয়েছে । আবহাওয়া বিজ্ঞান বিভাগ থেকে আজ

আসামের বিভিন্ন স্থানে ধারাবাহিক বৃষ্টি হোয়ার সম্ভাবনা রয়েছে বলে জানানো হয়েছে ।

হাইলাকান্দি জেলার সরসপুর পুলিশ থানার অন্তর্গত শিব উত্তর গ্রামে অগ্নি সংযোগের ঘটনার সঙ্গে যুক্ত থাকার অপরাধে পুলিশের আটক করা ১৬ জন অভিযুক্তকে গতকাল ১৪ দিনের জন্য জেল হাজতে পাঠানো হয়েছে । উল্লেখ্য গত সোমবার রাত আটটা নাগাদ শিব উত্তর গ্রামের প্রায় পাঁচশ লোক একত্রিত হয়ে পুরোনো একটি হত্যাকাণ্ডের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে উত্তেজিত জনতা সাইকুল উদ্দিন লস্কর সহ তার নিকট আত্মীয়দের ঘরে অগ্নি সংযোগ করে ।

স্থানীয় জনগন ৬টি বাসগৃহ , বাইক সহ একটি চার চাকার গাড়িতে অগ্নি সংযোগ করে । পরিস্থিতি নিয়ন্ত্রনে আনতে পুলিশ ও সি আর পি এফ-এর বাহিনী এলাকায় মোতায়েন করা হয়েছে ।

ধলাই-র মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় নতুন বাজার এফ সি ৩-১ গোলে ফাওয়া এফ সি দলকে পরাজিত করে ।

ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় মণিপুরী ওয়েলফেয়ার সোসাইটি খেলবে কর্কট এফ সি দলের বিরুদ্ধে ।

পালংঘাটের মাতা সংঘ ক্লাব আয়োজিত ডক্টর শ্যামা প্রসাদ মুখার্জী স্মৃতি
প্রাইজমানি ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় ডেফলিপার এফ সি ১-
০ গোলে সুন্দরী পাট-২ এফ সি-কে পরাজিত করে। স্থানীয় চৈতন্য চরন
জগৎ চন্দ্র উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত
প্রতিযোগিতার আগামীকালের খেলায় পুনিরমুখ এন স্টোর এফ সি খেলবে
আমড়াঘাটের ১১ ব্রাদার্স এফ সি-র বিরুদ্ধে।
